
# Palli Daridro Bimochon Foundation

## A Brief Acquaintance

PDBF



## Palli Daridro Bimochon Foundation

(Foundation for the alleviation of Rural poverty)

**Head office :** House # 05, Avenue 03, Haji Road, Rupnagar C/A, Mirpur-2
Dhaka-1216, Bangladesh, Phone : 8032925, 8032926, 8032936, Fax : 8031597
E-mail : info@pdbf-bd.org, Web: www.pdbf-bd.org

# Palli Daridro Bimochon Foundation (PDBF)

Alleviation of poverty is one of the most vital issues in Bangladesh like other countries around the globe. Palli Daridro Bimochon Foundation (PDBF) was established in 1999 by a law by the national parliament of Bangladesh with a view to eradicate poverty. It was launched as a poverty eradication project which had been implementing by the Government of Bangladesh (GoB) with the financial assistance from Canadian CIDA. Since last 11 years PDBF has been implementing quite a many activities successfully by organizing poverty stricken people which includes disbursement of loan, conducting skill & social development training and by empowering women.

**Type of Organization :** PDBF is a statutory, self governed, non-profitable, self-sustained and non-banking financial Institution.

**Institutional Objectives :** The objectives of the institution are to eradicate rural poverty, socio-economic upliftment of the poverty stricken people and establishment of gender equity. PDBF has been undertaking the following activities to achieve its goal:

- Formation of groups to organize the ultra poor and distressed rural people;
- Build up savings habit among the beneficiaries and disbursement of micro credit and ensure it's proper utilization;
- Implementation of Small Enterprise loan Program (SEL) with a view to create small entrepreneurs;
- Create awareness on health, education, citizen rights, women's rights and on legal issues;
- Impart skill enhancement training on various Income Generating Activities (IGA);

**Strategy :**

- Mobilize the poverty-stricken people through formation of groups;
- Motivate and involve the target groups in income generating activities;
- Create social awareness and develop leadership skill;

**Background :** PDBF is the successive achievement of Rural Poor Program of RD-2 RPP, RD-12 and Rural Bittoheen Program. Which were implemented by Bangladesh Rural Development Board (BRDB) with the financial assistance from Canadian International Development Agency (CIDA). It is the first government sector program for the rural disadvantaged people which has been transformed into a permanent self-supporting and self-governed micro-finance Institution.

**Operational Strategy :** The PDBF is governed by a governing body consisting of 11 members. The Managing Director is the Chief Executive Officer of the organization.

The honorable secretary of Rural Development and Cooperative Division of the ministry of LGRD & C is the Chairperson of the board by chair, the Director General of Bangladesh Rural Development Board (BRDB) is the Vice Chairperson of the Board, the Managing Director of the Foundation is the Member Secretary and one representative of Finance Ministry not below than Joint Secretary is the member of the board of PDBF. In addition to that beneficiaries of the organization have four representatives in the board as member and the rest three members are from private sectors.

**Programs :** As on June 2011, PDBF has been implementing its programs in 34 districts under six divisions through 253 upazila offices. A total of 7,05,000 assets less female and male members are included in 17,629 society. These areas covered one third of Bangladesh which is recognized as the most vulnerable areas of the country. Among the beneficiaries, 95% are female. Activities and initiatives like mobilizing and organizing rural poverty stricken people, imparting training to them, link them with the nation building organizations, micro credit which are undertaken by PDBF have been proved quite effective with its appropriateness and efficiency.

Since June 2011, PDBF has disbursed a total of 4,238 crore money (cumulative) in its microcredit, Small Enterprise, Crop Ingredient and Tube well loan program. credit program among 15,47,399 members (cumulative). The rate of loan realization is 98%.



PDBF has initiated a program called 'Solar Energy Project' since 2005-2006. PDBF knows that the demand of electricity is spiraling up and the poor villagers are the foremost suffers of deficiency of electricity. Under this program a total of 8,500 solar home system has been installed and distributed through 50 branches under 12 districts. This brings a result of an average of 2,050 kw electricity production per day.

**Human Resource Development and Training :** As on June 2011, a total of 18,599 staff have been imparted various skill enhancement training with focus to management and program operation (in many cases one staff has received more than one training). To enhance the ability and efficiency of the beneficiaries on different IGA, a total of 1,32,641 beneficiaries have been imparted training by the PDBF's own technical team. To create a group of para-technicians, a total of 1,301 community people have been given para technician training. A total of 84,645 number of beneficiaries have been imparted training on leadership & social development . Out of this, a total of 2,349 beneficiaries have been imparted training on gender and legal rights and 3,501 on adult literacy.

It is worthwhile to mention that among PDBF beneficiaries a total of 479 beneficiaries have been elected as the union parishad representatives out of which 331 number of beneficiaries have been imparted higher leadership training. Moreover, the technical training team of PDBF has imparted skill development training to a total of 3,003 beneficiaries of other organization. Since inception, PDBF has been accustomed to observe different national and international days that include International Mother Language Day, Independence Day, Victory Day, National Girl Child Day in its Head Office and Regional & Upazila Offices. Form this year PDBF has introduced different welfare schemes for the benefit of the poverty stricken rural people and that includes scholarship for the meritorious poor students, medical assistance for the rural poor autistic children.

The other significant achievements of PDBF are delineated as below;

- All data and information of the efficient PDBF staffs have been stored in computer through a system called Human Resource Information System (HRIS) and it is being updated;
- With a view to cope with the 'digital Bangladesh' concept, PDBF has stored all required information including credit information of group members / beneficiaries (a total of 7,05,000 members) in computer. PDBF also has introduced computerized attendance system in its Head Office.

PDBF has also been playing a contributing role to materialize the government 'vision 2021' through its ongoing development activities. In terms of using ICT PDBF has been working magnificently by utilizing 150 numbers of computers in its branch offices where all required information and data are being stored and updated on regular basis.



PDBF has also take steps to make the credit program more humane and also to make it diversified with an aim to ensure coordination between various aspects of development interventions. One of the major objectives of PDBF is to uplift the targeted beneficiaries in an extent where they can live with human dignity. Keeping that in mind PDBF has started working on the issue of increasing asset and resilience of the targeted poor people. And these initiatives have opened up the opportunities to introduce and create innovative IGAs by the beneficiaries. All the staff and beneficiaries of PDBF have been trying with their utmost efforts to make this Institution an ideal one.

**PDBF At a Glance** (as on June 2011)

| Sl No. | Description of Activities | Status at the time of Inception (April 2000) | Progress as on June, 2011 |
|---|---|---|---|
| 01 | Number of Administrative Division | 4 | 6 |
| 02 | Number of Administrative Districts | 17 | 34 |
| 03 | Number of Regional Offices | 10 | 15 |
| 04 | Number of Upazila Office | 139 | 253 |
| 05 | Number of Staff | 2600 | 2415 |
| 06 | Numbers of Members | 2,93,000 | 7,05,000 |
| 07 | Number of Loanee Member | 1,93,000 | 4,44,820 |
| 08 | Number of Small Entrepreneurs | - | 15,000 |
| 09 | Disburse of Loan in one year (micro credit + Small Enterprise) | 114 crore | 600 crore |
| 10 | Cumulative Loan Disbursement (micro credit + Small Enterprise) | 660.74 crore | 4,238 crore |
| 11 | Loan Realization (%) | 90% | 98% |
| 12 | Savings Deposit | 37 crore | 185 crore |
| 13 | Average members per FO | 178 | 480 |
| 14 | Average disbursement of loan per FO | 7 lakh | 35 lakh |
| 15 | Self Sufficiency | 62.5% | 100% |
| 16 | Coverage of districts under solar program | - | 12 |
| 17 | Coverage of Upazilas under solar program | - | 50 |
| 18 | Number of sold Solar Home System | - | 8,500 |
| 19 | Production of Electricity per day | - | 2,050 kw |
| 20 | Members' Training Activities (leadership & social development, skill enhancement, Para- technician etc.) | 21,662 person (cumulative) | 2,18,587 person (cumulative) |
| 21 | Staff Training (management, planning, TOT, orientation, refreshers, apprenticeship, workshops and others) | 2,600 person (cumulative) | 18,599 person (cumulative) |
| 22 | Elected UP members from beneficiaries | - | 479 person |
| 23 | **Weekly Training Forum:** Members are imparted training on one topic in a week. i.e. 52 subjects in 52 weeks a year | | |

**Future Planning :** PDBF is committed to expand its existing program coverage with an aim to reach a wider range of rights deprived rural poor community people by involving them with its programs. PDBF plans to introduce more innovative livelihood focused programs for their targeted audiences so that they will be able to lead a dignified life which is free from poverty, social injustice and deprivations. PDBF is going to have their own financial self-sufficiency and hope to an 'ideal model of development' before the globe. PDBF is targeting to reach around 8 lakhs poverty-stricken people by FY 2010-2011 and for this reason it is implementing a suitable and appropriate development plan.

# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

দারিদ্র্য বিমোচন সারা বিশ্বের মতো বাংলাদেশেও সর্বাধিক অগ্রাধিকার প্রাপ্ত একটি কার্যক্রম। এই কার্যক্রমকে সফলভাবে পরিচালনার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ১৯৯৯ সালের নভেম্বর মাসে জাতীয় সংসদে গৃহীত আইনের মাধ্যমে "পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)" প্রতিষ্ঠা করা হয়। এগিয়ে চলার এক যুগে পিডিবিএফ পল্লী অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে সংগঠিত করে কার্যকরী ঋণদান কর্মসূচী বাস্তবায়ন, দক্ষতা উন্নয়ন ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান এবং নারীর ক্ষমতায়নে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে।

**প্রতিষ্ঠানের ধরণ ঃ** পিডিবিএফ একটি সংবিধিবদ্ধ, স্ব-শাসিত, অমুনাফাকাঙ্খী, আত্মনির্ভরশীল, নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান।

**প্রাতিষ্ঠানিক লক্ষ্য ঃ** পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের মূল লক্ষ্য পল্লী এলাকার দারিদ্র্য দূরীকরণ এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও নারী- পুরুষের সমতার বিকাশ সাধন করা। এই লক্ষ্যকে সাফল্যের সাথে সম্পন্ন করার জন্য পিডিবিএফ নিম্নলিখিত কর্মসূচী বাস্তবায়ন করছে ঃ

- দরিদ্র ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীকে সংগঠিত করার মাধ্যমে সমিতি গঠন।
- সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে ক্ষুদ্র ঋণ বিতরণ ও ঋণের টাকার সঠিক ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন সাধন।
- ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে স্মল এন্টারপ্রাইজ ঋণ কার্যক্রম বাস্তবায়ন ।
- শিক্ষা, স্বাস্থ্য, নাগরিক অধিকার, নারীর অধিকার ও আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং সুফলভোগীদের নেতৃত্বের বিকাশ করে সামাজিক অবস্থার উন্নয়ন।
- বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ।

**কর্ম-কৌশল ঃ** দরিদ্রদের দলগতভাবে সংগঠিত করা, সদস্যদের আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে উৎসাহিত ও নিয়োজিত করা, তাদের সামাজিকভাবে সচেতন করে তোলা এবং নেতৃত্ব বিকাশে সহায়তা করা।

**পটভূমি ঃ** পিডিবিএফ সৃষ্টির গোড়ায় ছিল আরডি-২ আরপিপি, আরডি-১২ প্রকল্প এবং পল্লী বিত্তহীন কর্মসূচী। ১৯৮৪ সাল থেকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কানাডিয়ান সিডার আর্থিক ও কারিগরী সহায়তায় এ প্রকল্পগুলো বাস্তবায়ন করে আসছিল। সরকারী সেক্টরে এগুলিই সর্বপ্রথম বিত্তহীন কল্যাণ প্রোগ্রাম যা পরবর্তীতে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) নামে একটি স্বশাসিত স্থায়ী প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়েছে।



**পরিচালনা পদ্ধতি ঃ** এগার সদস্যের বোর্ড অব গভর্নর্স দ্বারা পিডিবিএফ পরিচালিত হয়। ব্যবস্থাপনা পরিচালক এর প্রধান নির্বাহী কর্মকর্তা। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব পদাধিকার বলে বোর্ডের সভাপতি, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক এর সহ-সভাপতি, ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক সদস্য-সচিব এবং অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিবের নীচে নন এমন পদমর্যাদার একজন কর্মকর্তা সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। পদাধিকার বলে উক্ত চারজন ছাড়াও অন্য সাতজন সদস্যদের মধ্যে রয়েছেন ফাউন্ডেশনের সুফলভোগীদের মধ্যে থেকে চারজন সদস্য এবং প্রাইভেট সেক্টরের প্রতিনিধি হিসেবে রয়েছেন তিন জন সদস্য। বোর্ড অব গভর্নর্স- এর সার্বিক তত্ত্বাবধানে ও গঠনমূলক পরামর্শে নীতি বাস্তবায়নের মাধ্যমে পিডিবিএফ পরিচালিত হচ্ছে। এর ফলে পিডিবিএফ-এর প্রতিটি ক্ষেত্রে Good Governance প্রতিষ্ঠিত হয়েছে।

**সাংগঠনিক ও ঋণ কার্যক্রম ঃ** বর্তমানে ৬টি বিভাগের ৩৪টি জেলায় ২৫৩টি উপজেলায় পিডিবিএফ এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। এসব এলাকায় ১৭,৬২৯টি সমিতিতে মোট ৭ লক্ষ ৫ হাজার বিত্তহীন মহিলা ও পুরুষ সদস্য রয়েছেন

(জুন, ২০১১ পর্যন্ত)। এ উপজেলাগুলি দেশের প্রায় এক তৃতীয়াংশ ভৌগলিক এলাকা জুড়ে অবস্থিত, যেখানে দরিদ্র জনগণের সংখ্যা সবচেয়ে বেশী। ফাউন্ডেশনের সুফলভোগীদের মধ্যে মহিলাদের সংখ্যা প্রায় ৯৫ শতাংশ।

পিডিবিএফ-এ প্রকল্প পর্যায় থেকে শুরু করে জুন, ২০১১ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট ১৫,৪৭,৩৯৯ জন সদস্যের মধ্যে ৪,২৩৮ কোটি টাকা ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ, শষ্য উপকরণ ঋণ ও টিউবওয়েল ঋণ বিতরণ করা হয়েছে। এই ঋণ আদায়ের হার ৯৮%।

দেশের ক্রমবর্ধমান বিদ্যুত ঘাটতি এবং বিদ্যুতের অভাবে গ্রামের বঞ্চিত দরিদ্র মানুষের দুর্ভোগের বিষয়টি বিবেচনায় রেখে পিডিবিএফ বিগত ২০০৫-২০০৬ সালে সৌর শক্তি নামে একটি নতুন প্রকল্প চালু করেছে এবং উক্ত প্রকল্পের মাধ্যমে ১২টি জেলার মোট ৫০টি শাখায় ৮,৫০০টি সোলার হোম সিষ্টেম বিতরণ ও প্রতিস্থাপন করা হয়েছে। এর ফলে দৈনিক গড়ে মোট বিদ্যুৎ উৎপাদন হয় ২০৫০ kw।



**মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ ঃ** পিডিবিএফ এর কর্মীদের ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধির জন্য ১৮,৫৯৯ জনকে (একই সহকর্মী একাধিকবার) বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য নিজস্ব কারিগরী সহায়তা দলের মাধ্যমে আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে ১,৩২,৬৪১ জনকে ৩,৩৬,৬৪৫ জনদিবস দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং প্যারাটেকনিশিয়ান তৈরীর জন্য ১,৩০১ জনকে প্যারাটেক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও এই প্রতিষ্ঠান থেকে ৮৪,৬৪৫ জন সদস্য ২,২২,৯০৪ জনদিবস সামাজিক উন্নয়ন ও নেতৃত্ব বিকাশ প্রশিক্ষণ পেয়েছেন। এর মধ্যে জেন্ডার ও আইনগত অধিকার বিষয়ে ২৩৪৯ জনকে এবং ৩৫০১ জনকে বয়স্ক শিক্ষা প্রশিক্ষণ দেয়া হয়। বিভিন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে **পিডিবিএফ-এর ৪৭৯ জন স্থানীয় সরকার প্রতিনিধি নির্বাচিত হয়েছেন-** যাঁদের ৩৩১ জনকে ৮৪৮ জনদিবস উচ্চতর নেতৃত্ব বিকাশ প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া পিডিবিএফ এর নিজস্ব কারিগরী সহায়তা দলের মাধ্যমে অন্য সংস্থার ৩,০০৩ জন সদস্যকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়।

পিডিবিএফ শুরু থেকেই প্রতি বৎসর প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন করে আসছে। পিডিবিএফ চলতি বছর থেকে সামাজিক দায়বদ্ধতাকে গুরুত্ব দিয়ে বিভিন্ন উদ্ভাবনীমূলক কার্যক্রম হাতে নিয়েছে যার মধ্যে রয়েছে সুফলভোগীদের দরিদ্র ও মেধাবী সন্তানদের শিক্ষার পথ সুগম করার জন্য আর্থিক সহায়তা প্রদান করা এবং শারীরিক ও বুদ্ধি প্রতিবন্ধীদের চিকিৎসা সহায়তা প্রদান করা।

পিডিবিএফ-এ Human Resource Information System (HRIS)- এর মাধ্যমে কম্পিউটারে সকল কর্মীর ছবিসহ তথ্য সন্নিবেশিত করা হয়েছে এবং তা' প্রতিনিয়ত হালনাগাদ করা হয়ে থাকে। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপ অনুসারে পিডিবিএফ-এর সদস্যদের সাংগঠনিক ও ক্ষুদ্র ঋণ সংক্রান্ত সকল তথ্য (৭.০৫ লক্ষ সুফলভোগীর) কম্পিউটার ডাটাবেইজে সংরক্ষিত রয়েছে। পিডিবিএফ প্রধান কার্যালয়ের নিজস্ব ব্যবস্থাপনায় Computerized attendance system চালু রয়েছে।

বর্তমান সরকারের ভিশন ২০২১ এর ডিজিটাল বাংলাদেশ গড়ার ব্যাপারেও পিডিবিএফ বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। পিডিবিএফ ICT ক্ষেত্রে ব্যপক কার্যক্রম হাতে নিয়েছে। প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের প্রায় ১৫০টি কম্পিউটারের মাধ্যমে পিডিবিএফ-এর সকল কার্যক্রম ও সদস্যদের সকল ধরণের তথ্য প্রতিনিয়ত কম্পিউটারাইজড করা হচ্ছে।

পিডিবিএফ ক্ষুদ্র ঋণের মানবিকীকরণ ও অধিকতর বহুমূখীকরণের মাধ্যমে দরিদ্র মানুষকে মানব মর্যাদায় প্রতিষ্ঠা করতে উন্নয়ন কর্মসূচীর সমন্বয় ঘটানোর প্রচেষ্টা গ্রহণ করেছে। দরিদ্র পরিবারের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধির উপায় নিয়ে পিডিবিএফ ইতোমধ্যে কাজ শুরু করেছে। এসব কার্যক্রমের ফলে সদস্যদের কর্মসংস্থানের সৃষ্টি হওয়া সহ তাদের জীবনে টেকসই অগ্রগতি সাধনের মাধ্যমে সরকার ঘোষিত ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়ার অঙ্গীকারকে সামনে রেখে পিডিবিএফ-এর সার্বিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। পিডিবিএফকে একটি অনন্য ও ব্যতিক্রমধর্মী কল্যাণকর প্রতিষ্ঠান হিসেবে গড়ার প্রতিশ্রুতি নিয়ে এর সকলকর্মী নিরলসভাবে আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে।

## একনজরে পিডিবিএফ (জুন, ২০১১ পর্যন্ত)

| ক্রঃ নং | কার্যক্রমের বিবরণ | ফাউন্ডেশন শুরুর সময় (এপ্রিল, ২০০০) অবস্থা | জুন,২০১১ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | প্রশাসনিক বিভাগের সংখ্যা | ০৪ টি | ০৬ টি |
| ০২ | প্রশাসনিক জেলার সংখ্যা | ১৭ টি | ৩৪ টি |
| ০৩ | আঞ্চলিক কার্যালয়ের সংখ্যা | ১০ টি | ১৫ টি |
| ০৪ | উপজেলা কার্যালয়ের সংখ্যা | ১৩৯ টি | ২৫৩ টি |
| ০৫ | কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | ২,৬০০ জন | ২,৪১৫ জন |
| ০৬ | সদস্য সংখ্যা | ২,৯৩,০০০ জন | ৭,০৫,০০০ জন |
| ০৭ | ঋণী সদস্য সংখ্যা | ১,৯৩,০০০ জন | ৪,৪৪,৮২০ জন |
| ০৮ | স্মল এন্টারপ্রাইজ উদ্যোক্তার সংখ্যা | - | ১৫,০০০ জন |
| ০৯ | ঋণ বিতরণ এক বছরে (ক্ষুদ্র + এন্টারপ্রাইজ) | ১১৪ কোটি | ৬০০ কোটি |
| ১০ | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ (ক্ষুদ্র + এন্টারপ্রাইজ) | ৬৬০.৭৪ কোটি | ৪,২৩৮ কোটি |
| ১১ | ঋণ আদায় হার | ৯০% | ৯৮% |
| ১২ | সঞ্চয় স্থিতি (ক্ষুদ্র+সোনালী+মেয়াদী) | ৩৭ কোটি | ১৮৫ কোটি |
| ১৩ | মাঠ কর্মী প্রতি গড় সদস্য সংখ্যা | ১৭৮ জন | ৪৮০ জন |
| ১৪ | মাঠ কর্মী প্রতি গড় ঋণ বিতরণ | ৭ লক্ষ | ৩৫ লক্ষ |
| ১৫ | সয়ম্ভরতার হার | ৬২.৫% | ১০০% |
| ১৬ | সোলার ভুক্ত জেলার সংখ্যা | - | ১২ টি |
| ১৭ | সোলার ভুক্ত উপজেলার সংখ্যা | - | ৫০ টি |
| ১৮ | সোলার হোম সিস্টেম প্রতিস্থাপন | - | ৮,৫০০ টি |
| ১৯ | দৈনিক মোট বিদ্যুৎ উৎপাদন | - | ২০৫০ kw |
| ২০ | সদস্য প্রশিক্ষণ কার্যক্রম (নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন, দক্ষতা উন্নয়ন, প্যারাটেকনিশিয়ান ইত্যাদি) | ২১,৬৬২ জন (ক্রমপুঞ্জিত) | ২,১৮,৫৮৭ জন (ক্রমপুঞ্জিত) |
| ২১ | কর্মী প্রশিক্ষণ (ব্যবস্থাপনা, পরিকল্পনা, টিওটি, ওরিয়েন্টেশন, রিফ্রেসার্স, শিক্ষানবীশ প্রশিক্ষণ, কর্মশালা ও অন্যান্য)। | ২,৬০০ জন (ক্রমপুঞ্জিত) | ১৮,৫৯৯ জন (ক্রমপুঞ্জিত) |
| ২২ | ইউপি নির্বাচনে নির্বাচিত সুফলভোগীর সংখ্যা | - | ৪৭৯ জন |
| ২৩ | **সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম ঃ** সকল সদস্যকে বছরের ৫২ সপ্তাহে ৫২টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | | |

**ভবিষ্যত পরিকল্পনা ঃ** বর্তমান উপজেলা সমূহে নতুন সদস্য অন্তর্ভূক্ত করে এবং নতুন শাখা স্থাপনের মাধ্যমে এর কর্মএলাকা প্রসারিত করে আরও অধিক দরিদ্র জনগোষ্ঠির নিকট পিডিবিএফ তার সেবা পৌছে দিতে প্রতিশ্রুতিবদ্ধ। অদূর ভবিষ্যতে সুফলভোগীদের জন্য আরও নতুন নতুন সেবাপ্রদানের পরিকল্পনা পিডিবিএফ এর রয়েছে যা দরিদ্র জনগোষ্ঠিকে দারিদ্রের কষাঘাত থেকে মুক্তি পেতে এবং সমাজে তাদের সম্মান বাড়াতে এবং অবস্থান মজবুত করতে সহায়তা করবে। পিডিবিএফ তার অর্থনৈতিক স্বয়ম্ভরতার দিকে এগিয়ে চলেছে এবং ভবিষ্যতে আর্থ-সামাজিকউন্নয়নের মডেল রুপে সারা বিশ্বের কাছে সুপরিচিত হতে পিডিবিএফ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। ২০১১-২০১২ সালের মধ্যে প্রায় ০৮ লক্ষ দরিদ্র জনগণের মধ্যে ঋণ প্রদান ও প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে পিডিবিএফ একটি যুগপোযোগী পরিকল্পনা মোতাবেক এর কার্যক্রম পরিচালনা করছে।